

বর্তমান সময়ে ইন্টারনেট ছাড়া একটি দিন পার করা অসম্ভব। ইন্টারনেট ব্যবহারের সাথে সাথে বেড়েছে বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় ব্যবহারও। এই মাধ্যমকে ব্যবহার করে ব্যবসায়িক ও সেবামূলক প্রতিষ্ঠানগুলো বিভিন্ন ওয়েবভিত্তিক বিজ্ঞাপন ব্যবহার করছে। এর মধ্যে ফেসবুক, ইউটিউব, টুইটার, ব্লগ আমাদের দেশে অন্যতম। প্রতিষ্ঠানের মার্কেটিং ও ব্র্যান্ড সচেতনতা বাড়ানোর জন্য সোশ্যাল মিডিয়া ম্যানেজার নিয়োগ করা হয়। একজন সোশ্যাল মিডিয়া ম্যানেজারের দায়িত্বগুলো নিচে উল্লেখ করা হলো :

একটি কার্যকর সোশ্যাল মিডিয়া কর্মকৌশল

সামাজিক মিডিয়া কর্মকৌশল এমনি এমনি হয় না, এটি তৈরি করতে হয়। পরিকল্পনা এবং কর্পোরেট সামাজিক মিডিয়া কর্মকৌশলের জন্য প্রয়োজন একটি সঠিক কর্মপরিকল্পনা, যা উদ্দেশ্য নির্ধারণ করবে, সাথে সাথে তা কীভাবে ব্যবহার করা যাবে তা নির্ধারণ করবে।

সোশ্যাল মিডিয়া সাইটগুলো পরিচালনা

নিয়মিত আপডেট না করা সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট ব্যবসায়ের জন্য খারাপ হতে পারে এবং ভুল ধারণা গ্রাহকদের কাছে চলে যেতে পারে। সোশ্যাল মিডিয়া ম্যানেজার প্রতিদিন সোশ্যাল মিডিয়া সাইটগুলো আপডেট রাখবেন। ক্রেতাদের ও সেবা গ্রহণকারীদের প্রতিটি মেসেজের সঠিক সময়ে উত্তর দেয়ার ব্যবস্থা করা, বিভিন্ন টাইম জোনের ব্যবহারকারীদের কথা চিন্তা করে রাতে ও দিনে আলাদা আলাদা জনবল তৈরি করা।

ব্যবহারকারীদের সাথে সংলাপ ও সমস্যা নিরীক্ষণ

মানুষ অনলাইনে একটি কোম্পানি সম্পর্কে ভালো ও খারাপ উভয় বিষয় পোস্ট করবে। ব্যবহারকারীদের এখনকার দিনে এটি কখনই প্রতিরোধ করা যাবে না। একটি প্রতিষ্ঠানের কোনো ইতিবাচক বা নেতিবাচক প্রতিক্রিয়ার জন্য পোস্টগুলো মনিটর করা অত্যাবশ্যক বিষয়। তাদের প্রতিটি প্রতিক্রিয়া বেশি গুরুত্বের সাথে দেখতে হবে এবং তা প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাদের জানাতে হবে। ব্যবহারকারীদের দেয়া এসব মতামত ব্যবসায়িক উন্নতির জন্য গুরুত্বপূর্ণ। সোশ্যাল মিডিয়া ম্যানেজার ইতিবাচক প্রতিক্রিয়ার জন্য ধন্যবাদ জানাবেন এবং কোনো অসম্ভব গ্রাহকদের তৃপ্ত করতে চেষ্টা করবেন।

বর্তমান সময়ের ট্রেন্ড মনিটর ও নতুন সোশ্যাল মিডিয়া টুল গ্রহণে উৎসাহ দেয়া

সোশ্যাল মিডিয়া ম্যানেজার সমসাময়িক সমস্যা চিহ্নিত এবং তার ওপর রিপোর্ট তৈরি করবেন। সাম্প্রতিক গতিধারা এবং টুল ব্যবহারে শীর্ষে থাকার জন্য, প্রতিযোগিতায় এগিয়ে থাকতে সর্বোচ্চ পরিমাণ গ্রাহক সংগ্রহের দিকে নজর

হতে হলে

সফল সোশ্যাল মিডিয়া ম্যানেজার

মো: আতিকুজ্জামান লিমন

দিতে হয়।

পোস্ট করার বিভিন্ন সংবাদ ও আর্টিকল অনুসন্ধান

প্রতিষ্ঠানের ধরনের ওপর নির্ভর করে সোশ্যাল মিডিয়া ম্যানেজার বিভিন্ন নিবন্ধ, গল্প এবং শিল্প সম্পর্কিত তথ্য সামাজিক মিডিয়াতে প্রকাশ করবেন। এর ফলে ব্যবসায় প্রতিষ্ঠান বা



সেবাদানকারী প্রতিষ্ঠানের পণ্য বা সেবা সম্পর্কে গ্রাহক নতুন নতুন তথ্য পাবেন এবং পণ্য বা সেবা সম্পর্কে আগ্রহী হবেন।

সোশ্যাল মিডিয়ায় প্রচার কার্যক্রম

সোশ্যাল মিডিয়ার জন্য বিভিন্ন ই-কুপন, কোনো পুরস্কার জিতে নেয়ার সুযোগ বা কোনো নির্দিষ্ট দিনকে উদযাপন করার জন্য বিভিন্ন ধরনের কার্যক্রম নিতে হয়। ম্যানেজারের বিভিন্ন আইডিয়া সৃষ্টি করতে হয় এবং তা সফল করার জন্য কর্মপরিকল্পনা নিতে হয়।

প্রচার পরিচালনা

এটা খুবই গুরুত্বপূর্ণ যে, অনলাইনে বিভিন্ন উদ্যোগের সাফল্য নিরীক্ষণ অত্যাবশ্যক। কারণ, এর মাধ্যমে বিনিয়োগ ও লাভের পরিমাণ নিরূপণ করা যায়। প্রচারের কোনটি কাজ করেনি এবং কোনটি করেছে তা ম্যানেজারের কার্যনির্বাহীদের ও পরিচালকদের রিপোর্ট আকারে দিতে হয়।

আর্টিকল ও ব্লগ লেখা

প্রতিষ্ঠান সম্পর্কে আকর্ষণীয় নিবন্ধ বা ব্লগ পোস্টিং করে প্রতিষ্ঠানের ভালো দিকগুলো ও নতুন নতুন আকর্ষণীয় অফারগুলো গ্রাহকদের জানিয়ে দেয়া সম্ভব। ম্যানেজার এসব ব্লগ পোস্ট তৈরি ও তার জন্য যা করতে হয়ে তা করবেন। তিনি ব্লগারদের নিয়োগ বা নতুন ব্লগার ও ব্লগ সম্পাদনা করার জন্য জনবল তৈরি করবেন।

সোশ্যাল নেটওয়ার্ক বিশ্লেষণে ব্যবহারযোগ্য সামগ্রী

বিভিন্ন চ্যানেলের কার্যকারিতা পরিমাপ গুরুত্বপূর্ণ। সোশ্যাল মিডিয়া ম্যানেজার বিভিন্ন চ্যানেলের, যেমন- টুইটার কাউন্টার, গুগল অ্যানালিটিক্স এবং অন্যান্য টুল ব্যবহার করে কার্যকারিতা পরিমাপ করবেন।

ব্র্যান্ড সংক্রান্ত কথোপকথন

মনিটর করা

সোশ্যাল মিডিয়াতে প্রতিষ্ঠান সম্পর্কে বিভিন্ন কথোপকথন চলতেই থাকে, যা প্রতিষ্ঠানের আগামী দিনের কর্মপরিকল্পনায় খুব সহায়ক ভূমিকা পালন করে। সোশ্যাল মিডিয়া ম্যানেজার সক্রিয়ভাবে নিজেই প্রতিষ্ঠানের কনফারেন্স, চ্যাট, ব্লগ, উইকি, ভিডিও শেয়ারিং নিয়োজিত করবে।

উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মত

বিনিময়

একটি ভালোমানের প্রতিষ্ঠানের সবচেয়ে ভালো দিক হলো তার অভ্যন্তরীণ যোগাযোগ। সোশ্যাল মিডিয়া ম্যানেজারকে পাবলিক রিলেশন, মার্কেটিং, সেলস এবং ব্যবস্থাপনা বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।

সামাজিক গণমাধ্যমে প্রচার করা

সামাজিক গণমাধ্যমের গুরুত্ব, সেই সাথে নতুন প্রযুক্তির প্রচার বাস্তবায়নের জন্য কর্মচারী ও কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। নিজ প্রতিষ্ঠানের মধ্যে সোশ্যাল মিডিয়া প্রচার কার্যক্রমকে আরও বেশি উন্নত করাও ম্যানেজারের কাজ।

অতএব এ আলোচনায় এটা স্পষ্ট, সোশ্যাল মিডিয়া ম্যানেজার বর্তমান সময়ের একটি জনপ্রিয় পেশা। আমাদের দেশে অনেক প্রতিষ্ঠান সোশ্যাল মিডিয়া ম্যানেজার নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দিচ্ছেন এবং ভবিষ্যতে এর চাহিদা দিন দিন বাড়বে। উন্নত দেশগুলোতে ব্যাপক জনপ্রিয় এই পেশায় যুক্ত হচ্ছেন অনেকেই। তাদের উচ্চ বেতনে নিয়োগ দেয়া হচ্ছে। যারা এই পেশায় আসতে চান, তারা নিজেদেরকে পেশার উপযোগী করে গড়ে তুলতে পারেন।

ফিডব্যাক : infolimon@gmail.com